

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় সঞ্চয় অধিদপ্তর  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।  
www.nationalsavings.gov.bd

নং-০৮.০৪.০০০০.০০৭.১৬.০৪৭.২১ /৩২

তারিখঃ ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
৫ জানুয়ারী ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ তথ্য বাতায়ন হালনাগাদ ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর/২১ হতে ডিসেম্বর/২১) প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২০২২ বাস্তবায়নে তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত একটি ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর/২১ হতে ডিসেম্বর/২১) প্রস্তুত করা হয়েছে।

০২। প্রস্তুতকৃত, ত্রৈমাসিক প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।



(মোহাঃ মাকছুদা খাতুন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৫০৫৩৮

ই-মেইল: dg.nsd.bd@gmail.com

সিনিয়র সচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ যুগ্মসচিব, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি)

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (আক্টোবর/২১ হতে ডিসেম্বর/২১) পর্যন্ত।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একটি সংযুক্ত প্রতিষ্ঠান। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কাজ হলো গ্রাহক ভিত্তিক সেবা দিয়ে স্বল্প আয়ের মানুষের হাত শক্তিশালী করে তাদের সামাজিক নিরাপত্তা বলয়ে নিয়ে আসা, পাশাপাশি দেশের রাজস্ব ঘাটতি বাজেটে অর্থায়ন করা। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন ৮টি বিভাগীয় অফিস, ৬৪টি জেলা সঞ্চয় অফিস, ১১টি বিশেষ সঞ্চয় ব্যুরো রয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর উদ্দেশ্য সফল করতে ও এর অধিনস্ত দপ্তর সমূহে দাপ্তরিক তথ্য প্রবাহ সচল রাখার জন্য [www.nationalsavings.gov.bd](http://www.nationalsavings.gov.bd) নামে একটি তথ্য বাতায়ন রয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তর দাপ্তরিক তথ্য প্রবাহ সচল রাখতে তথ্য বাতায়নের কন্টেন্ট গুলোতে নতুন নতুন তথ্য সংযোজনের মাধ্যমে হালনাগাদ তথ্য প্রকাশ করে থাকে। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক তথ্য নিম্নরূপ

তথ্য বাতায়নের মেনু, সাব মেনুর হালনাগাদ তথ্যঃ

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়নে আমাদের বিষয়, বিদ্যমান স্কিমসমূহ, আইন-বিধি, সংবাদ ও প্রকাশনা, ফটোগ্যালারী, ডাউনলোড ও যোগাযোগ নামে ৭টি মেনু রয়েছে। প্রতিটি মেনুর অধীনে সাব মেনু রয়েছে। মেনু, সাব মেনুর হালনাগাদ তথ্য নিম্নরূপ

ক্র/নং	মেনু	সাবমেনু	হালনাগাদ তথ্য
০১	ডাউনলোড	প্রাইজ বন্ড ফলাফল	প্রাইজ বন্ডের ১০৫তম ড্র এর ফলাফল প্রকাশ করা হয়েছে।
০২	যোগাযোগ	জেলা কার্যালয়সমূহ	জেলা কার্যালয়ের যে সকল অফিসসমূহে ফোন নম্বর পরিবর্তন হয়েছে তা হালনাগাদ করা হয়েছে।
		বিশেষ সঞ্চয় ব্যুরোসমূহ	বিশেষ সঞ্চয় ব্যুরোসমূহের যে সকল ফোন নম্বর পরিবর্তন হয়েছে তা হালনাগাদ করা হয়েছে।

নোর্টিশ বোর্ড


গত তিন মাস (অক্টোবর/২১ হতে ডিসেম্বর/২১) পর্যন্ত বদলী, পদোন্নতি, পেনশন, পি.আর, এল, শোকবার্তা, নোর্টিশ, অনাপত্তি, কোটেশন আহ্বান, সংশোধন, প্রজ্ঞাপন ও বিজ্ঞপ্তিসহ ৫৮(আটান)টি বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য নোর্টিশ বোর্ডে প্রকাশ করা হয়েছে।

সেবা বক্স হালনাগাদ তথ্য

সেবা বক্স এ মুজিব বর্ষ কর্নার, জাতীয় শুদ্ধাচার কৌশল, উদ্ভাবনী কার্যক্রম, আইন ও প্রকাশনা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ, আমাদের দপ্তর, তথ্য অধিকার, বাজেট ও প্রকল্প, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার), আইসিটি কর্নার, ফোকাল পয়েন্ট ও অন্যান্য, বিজ্ঞপ্তি/ আদেশ/ পরিপত্র/ প্রজ্ঞাপন কার্যক্রম নামে ১৪টি সেবা বক্স রয়েছে। প্রতিটি সেবা বক্স অধীন ৪টি করে কন্টেন্ট রয়েছে। সেবা বক্স ও কন্টেন্ট এর হালনাগাদ তথ্য নিম্নরূপ

ক্র/নং	সেবা বক্স	কন্টেন্ট	হালনাগাদ তথ্য
০১	জাতীয় শুদ্ধাচার কৌশল	সভার কার্যবিবরণী	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী প্রকাশ করা হয়েছে।
০২	উদ্ভাবনী কার্যক্রম	সেবা সহজিকরণ	১(এক)টি সেবা-সহজীকরণের তথ্য প্রকাশ করা হয়েছে।
০৩	আইন ও প্রকাশনা	বার্ষিক প্রতিবেদন	বার্ষিক প্রতিবেদন-২০২১ প্রকাশ করা হয়েছে।
০৪	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	মূল্যায়ন প্রতিবেদন	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।
০৫	তথ্য অধিকার	স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ	<ul style="list-style-type: none"><li>তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়ন সহায়িকা</li><li>তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫</li><li>তথ্য অধিকার বিষয়ক ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন</li><li>বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ (প্রকাশনা)</li><li>প্রণীত তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ এর তথ্য প্রকাশ করা হয়েছে।</li></ul>
০৬	বাজেট ও প্রকল্প	বার্ষিক ক্রয় পরিকল্পনা	জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয় কর্তৃক প্রস্তুতকৃত ক্রয় পরিকল্পনা ২০২১-২২ প্রকাশ করা হয়েছে।

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়ন একটি তথ্য বহুল তথ্যবাতায়ন। এর তথ্য প্রবাহ সচল রাখতে ও ব্যবহারকারীদের সুবিধার্থে নতুন নতুন তথ্য ও প্রজ্ঞাপন এতে প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।

  
০৬/১০/২১  
মোঃ মাসুদুর রহমান  
সহকারী পরিচালক (জনসংযোগ)  
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অর্থ মন্ত্রণালয়